গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, খুলনা অঞ্চল, খুলনা

এবং

প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Divisional Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সুন্দরবনে পরিবেশবান্ধব পর্যটন (ইকোট্যুরিজম) সুবিধা সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্প এর আওতায় সুন্দরবনের বিদ্যমান ইকোট্যুরিজম কেন্দ্রসমূহের পর্যটন সুবিধা উন্নয়ন এবং নতুন ৪ টি পর্যটন কেন্দ্র গড়ে তোলা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় সুন্দরবনের পর্যটন বিকাশে ৮ টি পর্যবেক্ষণ টাওয়ার, ৪ টি হরিণের বেষ্টনী, ২ টি কুমিরের বেষ্টনী, ৮ টি পাবলিক টয়লেট, ১ টি ঝুলন্ত সেতু, ৬৪০০ বর্গমিটার ফুট ট্রেইল, ১০০০০ বর্গমিটার আরসিসি রাস্তা, ২০ টি গোলঘরসহ বিভিন্ন অবকাঠামো নির্মাণ করা হয়েছে। সুন্দরবন সুরক্ষা প্রকল্পের আওতায় ১৪ টি ফিল্ড অফিস কাম স্টাফ ব্যারাক, ৫ টি ফাইবার বডি ট্রলার ক্রয়সহ বিবিধ অবকাঠামো ও জলযান মেরামত করা হয়েছে। সুন্দরবনের সুষ্ঠ ব্যবস্থাপনার লক্ষ্যে মাঠপর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান, জলযান তৈরী ও টহল কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে। সুন্দরবনের করমজলে লোনাপানির কুমির ও বাটাগুর বাছকা কচ্ছপের প্রজনন কার্যক্রম অব্যহত রয়েছে। সুন্দরবনের বাঘ সংরক্ষন প্রকল্পের আওতায় ৩য় বারের মত Camera trapping এর মাধ্যমে বাঘ জরিপ শুরু করা হয়েছে। SMART Patrolling- এর মাধ্যমে সুন্দরবনের জীববৈচিত্র্য রক্ষা ও মনিটরিং কার্যক্রম অব্যহত রয়েছে। সুন্দরবনে স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে সহ-ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। টেকসই বন ব্যবস্থাপনার লক্ষ্যে সুন্দরবনে সুপেয় পানীয় জল সরবরাহের জন্য পুকুর খনন ও পূণঃখন প্রকল্পের মাধ্যমে সুন্দরবনে ৪টি নতুন পুকুর, ৮৪টি পুকুর পূণঃখনন, ৭৯টি পুকুরের ঘাট নির্মাণ করা হয়েছে। সুন্দরবনে টেলিযোগাযোগ ব্যবস্থা পুনঃস্থাপন প্রকল্পের আওতায় সুন্দরবনে টেলিযোগাযোগ ব্যবস্থার পুনঃস্থাপন, সুন্দরবন ব্যবস্থাপনা সহায়তা প্রকল্প -২ এর আওতায় সুন্দরবনের ইকোলজিক্যাল মনিটরিং এর ফ্রেমওয়ার্ক প্রস্তুত এবং সুন্দরবনে বাঘ/ হরিণ শিকার, গাছ চুরি প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সুন্দরবনের অভ্যন্তরে মিঠা পানির প্রবাহ হ্রাস পেয়ে লবনাক্ততা বৃদ্ধি; অবৈধভাবে ও বিষ প্রয়োগে মাছ ধরা; চোরা শিকারী কর্তৃক বন্যপ্রাণী পাচার ও হত্যা; বন বিভাগের জনবল ও লজিস্টিক স্বল্পতা এবং সুন্দরবন নির্ভর স্থানীয় জনগোষ্ঠির বিকল্প কর্মসংস্থানের স্বল্পতা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

চলমান সুন্দরবন সুরক্ষা প্রকল্পের আওতায় টেকসই বন ব্যবস্থাপনার লক্ষ্যে লোকালয় সংলগ্ন পলি জমে সুন্দরবনের নাব্যতা হ্রাস প্রাপ্ত নদী ও খাল খনন/পুণ: খনন; সুন্দরবনের অভ্যন্তরে ২৮ টি ফিল্ড অফিস কাম স্টাফ ব্যারাক নির্মাণ, চাঁদপাই ও নলিয়ান রেঞ্জে দুটি অফিস ভবন এবং খুলনায় ১২০০ বর্গমিটার বিশিষ্ট একটি ম্যানগ্রোভ এডাপটেশন এন্ড নলেজ সেন্টার স্থাপন , মাঠ পর্যায়ে বন কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান, জিআইএস ল্যাব স্থাপন, সার্ভে /গবেষণা ও ইকোলজিক্যাল মনিটরিং কার্যক্রম পরিচালনা করা। সুন্দরবনে বাঘ/ হরিণ শিকার, গাছ চুরি প্রতিরোধে স্মার্ট পেট্রোলিং জোরদার করণ এবং অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীর সাথে সমন্বয় পূর্বক ব্যবস্থা গ্রহণ। সুন্দরবনের বাঘ সংরক্ষন প্রকল্পের আওতায় সুন্দরবনে পুনরায় বাঘের জরিপসহ বাঘ সংরক্ষণে বিভিন্ন কার্যক্রম গ্রহণ।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বন অপরাধ দমন করার জন্য সুন্দরবনে SMART Patrolling পদ্ধতিতে ৬১,০০০ কিলোমিটার টহল প্রদান।
- সুন্দরবনের বাঘ জরিপের কাজ সমাপ্তকরণ।
- ইকোট্যুরিজম উন্নয়ন ও পর্যটকের সংখ্যা (২.২ লক্ষ) বৃদ্ধি।
- বিলুপ্তপ্রায় বাটাগুর বাস্কা কাছিমের সফল প্রজনন (৪৫টি)।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, খুলনা অঞ্চল, খুলনা

এবং

প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা-এর মধ্যে ২০২৪ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

আধুনিক প্রযুক্তি ও সৃজনশীলতার মাধ্যমে সুন্দরবনের সুষ্ঠ ব্যবস্থাপনা, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ, ইকোট্যুরিজম উন্নয়ন এবং স্থানীয় জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিজ্ঞান ভিত্তিক কৌশল , অবকাঠামো ও লজিস্টিক সাপোর্ট বৃদ্ধি, বন কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়ন ও জনগণের অংশগ্রহণের মাধ্যমে টেকসই বন ব্যবস্থাপনার মাধ্যমে বন সংরক্ষণ, বন্যপ্রাণীর আবাসস্থল সংরক্ষণ ও নিরাপত্তা বিধান, বন নির্ভরশীল মানুষের বিকল্প জীবিকায়নের মাধ্যমে সুন্দরবনের ওপর নির্ভরশীলতা কমানো।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ইকোসিস্টেম ব্যবস্থাপনার উন্নয়ন।
২. বন সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা।
৩. জীববৈচিত্র্য সংরক্ষণ।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ, বনজ সম্পদের টেকসই ব্যবস্থাপনা ও উন্নয়ন করা।
২. বনের অবক্ষয় রোধ করে বনে কার্বন মজুদ বৃদ্ধির মাধ্যমে বিশ্ব উষ্ণায়ন রোধে অবদান রাখা।
৩. জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় সুন্দরবন সংরক্ষণের মাধ্যমে জীবন ও সম্পদের সুরক্ষা।
৪. বনের প্রাকৃতিক পুনরুৎপাদনে সহায়তা করা।
৫. সহ-ব্যবস্থাপনা (Co-management) কার্যক্রম বাস্তবায়ন এবং প্রকৃতি পর্যটন (Ecotourism) উন্নয়ন ও সম্প্রসারণ।
৬. বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সম্পর্কিত আইন, বিধিমালা ও নীতিমালা বাস্তবায়ন।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| অপরাধ দমন নিয়ন্ত্রনপূর্বক সুন্দরবনের জীববৈচিত্র্য সংরক্ষণ | স্মার্ট পেট্রোলিং এর পরিমান | কিলোমিটার | ৬৫০০০ | ৬৫০০০ | ৬১০০০ | ৬৩০০০ | ৬৪০০০ | প্রযোজ্য নহে | বন বিভাগীয় রেকর্ড পত্র |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] ইকোসিস্টেম ব্যবস্থাপনার উন্নয়ন। | ৩০ | [১.১] স্মার্ট পেট্রোলিং | [১.১.১] স্মার্ট পেট্রোলিং এর পরিমান | সমষ্টি | কিলোমিটার | ১০ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৪০০০ | ৬৩০০০ | ৬২০০০ | ৬১০০০ | ৬৫৫০০ | ৬৬০০০ |
| | | [১.২] CPG পেট্রোলিং | [১.২.১] পেট্রোলিং এর পরিমান | সমষ্টি | সংখ্যা | ১০ | ৯০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ৭৫০ | ৭০০ | ১০০০ | ১১০০ |
| | | [১.৩] বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য বিষয়ে বনকর্মীর সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান | [১.৩.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১০ | ৫০ | ৫০ | ৫২ | ৫১ | ৫০ | ৪৯ | ৪৮ | ৫৬ | ৫৮ |
| [২] বন সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা। | ৩০ | [২.১] ইকোট্যুরিজম উন্নয়ন | [২.১.১] ভ্রমণকারীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা লক্ষ | ১০ | ২.০০ | ২.২০ | ২.২০ | ২.১০ | ২.০০ | ১.৯০ | ১.৫০ | ২.৩১ | ২.৪২ |
| | | [২.২] বনজ সম্পদ উৎপাদন | [২.২.১] মধু আহরণ | সমষ্টি | মেট্রিক টন | ৫ | ১৫০.০০ | ১৭৫.০০ | ১৭৬.০০ | ১৭০.০০ | ১৬৫.০০ | ১৬০.০০ | ১৫৫.০০ | ১৮২.০০ | ১৮৮.০০ |
| | | | [২.২.২] মাছ আহরণ (শুটকিসহ) | সমষ্টি | হাজার কুইন্টাল | ৫ | ৫৯.০০ | ৬০.০০ | ৬১.০০ | ৬০.০০ | ৫৯.০০ | ৫৮.০০ | ৫০.০০ | ৬৪.০০ | ৬৭.০০ |
| | | | [২.২.৩] গোলপাতা আহরণ | সমষ্টি | হাজার কুইন্টাল | ৫ | ৬২.৯৬ | ৬০.০০ | ৪৬.০০ | ৪৫.০০ | ৪৪.০০ | ৪৩.০০ | ৪০.০০ | ৪৭.৬০ | ৪৯.২০ |
| | | | [২.২.৪] কাঁকড়া আহরণ | সমষ্টি | হাজার কুইন্টাল | ৫ | ১৪.০০ | ১৪.২৫ | ১৪.৫০ | ১৪.২৫ | ১৪.০০ | ১৩.৭৫ | ১৩.৫০ | ১৫.১০ | ১৬.০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৩] জীববৈচিত্র্য সংরক্ষণ। | ১০ | [৩.১] অবৈধবিক্রয় ও পাচার এবং লোকালয়ে আসা বন্যপ্রাণী উদ্ধার | [৩.১.১] বন্যপ্রাণী উদ্ধারে সফল অভিযানের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ১০ | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৫ | ১২ | ১৪ |
| | | [৩.২] বন্যপ্রাণী সংরক্ষণের জন্য কৃত্রিম প্রজনন | [৩.২.১] বড়ক্যাইটা (Batagur baska) এর প্রজননকৃত বাচ্চার পরিমাণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪০ | ৪২ | ৪৫ | ৪৪ | ৪৩ | ৪২ | ৪০ | ৪৬ | ৪৭ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, খুলনা অঞ্চল, খুলনা, প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা হিসাবে বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, খুলনা অঞ্চল, খুলনা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| বন সংরক্ষক<br>বন সংরক্ষকের কার্যালয়, খুলনা অঞ্চল, খুলনা | ২৭০৬/২৪<br>তারিখ |
| প্রধান বন সংরক্ষক<br>প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা | ২৪ জুন ২০২৪ .<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | CPG | Community Patrol Group |
| ২ | SMART | Spatial Monitoring and Reporting Tool |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] স্মার্ট পেট্রোলিং | [১.১.১] স্মার্ট পেট্রোলিং এর পরিমান | বন অধিদপ্তরের খুলনা অঞ্চলের আওতাধীন সুন্দরবন পূর্ব বন বিভাগ ও পশ্চিম বন বিভাগের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হবে। | স্মার্ট পেট্রোলিং বিষয়ক বিস্তারিত প্রতিবেদন |
| [১.২] CPG পেট্রোলিং | [১.২.১] পেট্রোলিং এর পরিমান | বন অধিদপ্তরের খুলনা অঞ্চলের আওতাধীন সুন্দরবন পূর্ব বন বিভাগ ও পশ্চিম বন বিভাগের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হবে। | প্রতিবেদন/ছবি |
| [১.৩] বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য বিষয়ে বনকর্মীর সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান | [১.৩.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | বন অধিদপ্তরের খুলনা অঞ্চলের আওতাধীন সুন্দরবন পূর্ব বন বিভাগ ও পশ্চিম বন বিভাগের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হবে। | প্রশিক্ষণে অংশ গ্রহণকারীর তালিকা |
| [২.১] ইকোট্যুরিজম উন্নয়ন | [২.১.১] ভ্রমণকারীর সংখ্যা | বন অধিদপ্তরের খুলনা অঞ্চলের আওতাধীন সুন্দরবন পূর্ব বন বিভাগ ও পশ্চিম বন বিভাগের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হবে। | প্রতিবেদন/অনুলিপি |
| [২.২] বনজ সম্পদ উৎপাদন | [২.২.১] মধু আহরণ | বন অধিদপ্তরের খুলনা অঞ্চলের আওতাধীন সুন্দরবন পূর্ব বন বিভাগ ও পশ্চিম বন বিভাগের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হবে। | প্রতিবেদন/অনুলিপি |
| | [২.২.২] মাছ আহরণ (শুটকিসহ) | বন অধিদপ্তরের খুলনা অঞ্চলের আওতাধীন সুন্দরবন পূর্ব বন বিভাগ ও পশ্চিম বন বিভাগের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হবে। | প্রতিবেদন/অনুলিপি |
| | [২.২.৩] গোলপাতা আহরণ | বন অধিদপ্তরের খুলনা অঞ্চলের আওতাধীন সুন্দরবন পূর্ব বন বিভাগ ও পশ্চিম বন বিভাগের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হবে। | প্রতিবেদন/অনুলিপি |
| | [২.২.৪] কাঁকড়া আহরণ | বন অধিদপ্তরের খুলনা অঞ্চলের আওতাধীন সুন্দরবন পূর্ব বন বিভাগ ও পশ্চিম বন বিভাগের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হবে। | প্রতিবেদন/অনুলিপি |
| [৩.১] অবৈধবিক্রয় ও পাচার এবং লোকালয়ে আসা বন্যপ্রাণী উদ্ধার | [৩.১.১] বন্যপ্রাণী উদ্ধারে সফল অভিযানের সংখ্যা | বন অধিদপ্তরের খুলনা অঞ্চলের আওতাধীন সুন্দরবন পূর্ব বন বিভাগ ও পশ্চিম বন বিভাগের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হবে। | প্রতিবেদন/ছবি |
| [৩.২] বন্যপ্রাণী সংরক্ষণের জন্য কৃত্রিম প্রজনন | [৩.২.১] বড়ক্যাইটা (Batagur baska) এর প্রজননকৃত বাচ্চার পরিমাণ | বন অধিদপ্তরের খুলনা অঞ্চলের আওতাধীন সুন্দরবন পূর্ব বন বিভাগ, বাগেরহাটের করমজল বন্যপ্রাণী প্রজনন কেন্দ্রের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হবে। | প্রতিবেদন/ছবি |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| CPG পেট্রোলিং | পেট্রোলিং এর পরিমান | বন বিভাগ, সিএমসি, সিপিজি | বন বিভাগের নেতৃত্বে কমিউনিটি পেট্রোলিং গ্রুপ কর্তৃক নিয়মিত টহল পরিচালনা। |
| ইকোট্যুরিজম উন্নয়ন | ভ্রমণকারীর সংখ্যা | বন বিভাগ, বেসরকারী ট্যুর অপারেটর কোম্পনি | পারস্পরিক যোগাযোগ, সমন্বয় এর মাধ্যমে ইকোট্যুরিজম উন্নয়ন |
| অবৈধবিক্রয় ও পাচার এবং লোকালয়ে আসা বন্যপ্রাণী উদ্ধার | বন্যপ্রাণী উদ্ধারে সফল অভিযানের সংখ্যা | বন বিভাগ, কোস্টগার্ড, পুলিশ, র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন বা র‌্যাব | পারস্পরিক যোগাযোগ, সমন্বয় ও তথ্য আদান প্রদানের মাধ্যমে অবৈধভঅবে বন্যপ্রাণী পাচার ও শিকার প্রতিরোধ করা। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ